

COVID-19 safe expectations during HSC written examinations

| NSW শিক্ষা বিভাগ

HSC লিখিত পরীক্ষার সময় COVID-19 safe প্রত্যাশা

এই তথ্যটি শিক্ষার্থীদের HSC পরীক্ষায় অংশ নেওয়ার সময় তাদের COVID-19 safe ব্যবস্থা বুঝতে সহায়তা করবে। উপস্থিত শিক্ষার্থী এবং কর্মীদের নিরাপত্তা এবং কল্যাণ আমাদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং আমরা সকল শিক্ষার্থীদের সর্বদা এই ব্যবস্থাগুলোতে সহযোগিতা করতে অনুরোধ জানাচ্ছি।

লক্ষণ থাকা শিক্ষার্থীদের জন্য স্ক্রিনিং

- শিক্ষার্থীরা অসুস্থ হলে অবশ্যই পরীক্ষায় অংশ নিতে পারবে না
- শিক্ষার্থীদের আসার পর জিজ্ঞাসা করা হবে যে তাদের কোন ফ্লুর মতো লক্ষণ আছে কিনা বা NSW Health-এর নির্দেশনায় তাদের স্ব-বিচ্ছিন্ন হওয়া উচিত কিনা
- ফ্লু জাতীয় লক্ষণগুলো প্রদর্শনকারী শিক্ষার্থীরা বা যারা অসুস্থ হওয়ার কথা বলবে তাদের স্কুল ত্যাগ করতে বলা হবে এবং COVID-19 পরীক্ষা করার ব্যবস্থা করা হবে
- রোগ সম্পর্কিত ইতিহাস বা জানা অসুখ সহ শিক্ষার্থী যাদের COVID-19 এর মতো লক্ষণ থাকতে পারে তাদের এখনই পরিকল্পনা করা উচিত এবং তাদের ডাক্তারের (GP) সাথে কথা বলা উচিত। GP লিখিত নিশ্চয়তা প্রদান করতে পারে - যেমন শিক্ষার্থীর মধ্যে উপস্থিত এই লক্ষণটি একটি সাধারণ ঘটনা।

ফ্লু মতো উপসর্গ

ফ্লু জাতীয় লক্ষণগুলির মধ্যে রয়েছে জ্বর, কাশি, গলা ব্যথা, শ্বাসকষ্ট, স্বাদ হ্রাস এবং গন্ধ নষ্ট হওয়া। COVID-19 উপসর্গ সম্পর্কে অতিরিক্ত তথ্য [NSW Health website](https://www.nsw.gov.au/health) -এ পাওয়া যাবে।

যেসব শিক্ষার্থীদের হালকা ফ্লু জাতীয় লক্ষণগুলো দেখা দিবে তাদের অবিলম্বে চলে যাওয়া উচিত এবং তাদের নেতিবাচক COVID-19 পরীক্ষার ফল এবং লক্ষণমুক্ত না হওয়া অবধি ফিরে আসা উচিত নয়।

দ্রুত গতিতে COVID-19 পরীক্ষার ফলাফল

HSC শিক্ষার্থীরা তাদের COVID-19 পরীক্ষার ফলাফল দ্রুত গতিতে পেতে পারে।

এটি করার জন্য তাদের অবশ্যই:

- পরীক্ষা দেওয়ার সময় বলতে হবে যে তারা HSC শিক্ষার্থী
- পরীক্ষা করা নার্স বা চিকিৎসক তাদের রেফারেন্সে 'জরুরি - HSC' চিহ্নিত করেছেন তা নিশ্চিত করতে হবে
- নেতিবাচক ফলাফল না পাওয়া পর্যন্ত নিজেকে বিচ্ছিন্ন রাখতে হবে
- তাদের স্কুলে নেতিবাচক ফলাফল দেখাতে হবে
- ক্লিনিক হতে প্রদত্ত যোগাযোগের নম্বরে ফোন করতে হবে যদি ফলাফল ৩৬ ঘন্টার মধ্যে না পাওয়া যায়।

সংক্রমণ হওয়ার ঝুঁকি হ্রাস করা

- পরীক্ষা শুরু করার আগে শিক্ষার্থীদের হাত ধোয়া বা হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করা উচিত।
- কাশি বা হাঁচির সময় হাতের কনুই বা একটি টিস্যু দিয়ে কাশি বা হাঁচি ঢেকে রেখে এবং পরীক্ষা শেষে টিস্যু বিনে ফেলে পরীক্ষার সময় ব্যক্তিগত স্বাস্থ্যবিধির চর্চা করুন
- পরীক্ষার দিনে হাত মেলানো বা অন্য শিক্ষার্থীদের আলিঙ্গন করা এড়িয়ে চলুন।
- স্বাস্থ্য সুরক্ষার সরঞ্জামাদি যা পরীক্ষার সকল স্থানে পাওয়া যাবে তা হ'ল:
 - স্যানিটাইজার
 - ওয়াইপস্
- কোনও শিক্ষার্থী যদি চান তবে পরীক্ষা শুরু করার আগে তারা তাদের টেবিলটি মুছতে পারেন।
- পরীক্ষার আগে বা পরে শিক্ষার্থীদের বড় দলে মিশা উচিত নয়।
- পরীক্ষার ঘরগুলি প্রতিদিন পরিষ্কার করা হবে।

আগমন এবং প্রবেশ ব্যবস্থা

- পরীক্ষা শুরুর ২০ মিনিট আগে শিক্ষার্থীদের পৌঁছানো উচিত এবং স্ক্রিনিং এবং প্রবেশের জন্য সরাসরি মনোনীত পরীক্ষার কক্ষে রিপোর্ট করা উচিত।
- পরীক্ষার উপস্থিতি নিশ্চিতকরণে শিক্ষার্থীদের একটি উপস্থিতি পত্রে স্বাক্ষর করতে বলা হবে, এছাড়া সেখানে দিতে হবে যোগাযোগের বিশদ বর্ণনা, এবং তাদের ফ্লুর মতো লক্ষণ না থাকার নিশ্চয়তা।

বিকল্প পরীক্ষার স্থানসমূহ

পরিকল্পিত স্থানে পরীক্ষা না হওয়ার কারণে আপনার স্কুল একটি বিকল্প পরীক্ষার স্থান সনাক্ত করেছে এই তথ্যটি আপনার ব্যক্তিগত পরীক্ষার সময়সূচীতে সরবরাহ করা হবে, সুতরাং এটি প্রয়োজন হলে সংক্ষিপ্ত নোটিশে সহজেই পেতে পারেন।

এটি কেবলমাত্র একটি বিকল্প স্থান এবং স্কুল যদি অন্যরকম পরামর্শ না দেয় তাহলে শিক্ষার্থীদের পরিকল্পিত স্থানে উপস্থিত হওয়া উচিত। স্কুল কর্তৃক যতক্ষণ পর্যন্ত আপনাকে বলা না হবে ততক্ষণ পর্যন্ত প্রস্তাবিত বিকল্প স্থানে উপস্থিত হবেন না।

COVID-19 এর নিশ্চিত হওয়ার ঘটনা

পরীক্ষার সময় যদি স্কুলকে NSW Health থেকে বলা হয় যে COVID-19 এর একটি নিশ্চিত ঘটনা ঘটেছে যা স্কুলের উপর প্রভাব ফেলবে, সেক্ষেত্রে সম্ভাব্য সকল অসুবিধা হ্রাস করার ব্যবস্থা রয়েছে। স্কুল আপনাকে আগের দিন পরামর্শ দিতে পারে যে পরীক্ষাটি আপনার সময়সূচীতে বর্ণিত বিকল্প স্থানে স্থানান্তরিত হবে বা পরীক্ষা বাতিল হতে পারে।

অসুস্থতা / দুর্ভাগ্য

যে সকল শিক্ষার্থী লক্ষণগুলোর কারণে পরীক্ষায় অংশ নিবে না, বা যাঁরা স্ক্রিনিংয়ের ফলে প্রত্যাখ্যাত হয়েছে, তারা অসুস্থতা / দুর্ভাগ্যের জন্য আবেদনের যোগ্য হবেন। আপনার স্কুল যেখানে প্রয়োজন সেখানে এই প্রক্রিয়াটির মাধ্যমে আপনাকে সহায়তা করবে।

টেলিফোন দোভাষী সেবা

আপনার যদি আরও তথ্যের প্রয়োজন হয় তাহলে আপনার স্কুলের অধ্যক্ষকে ফোন করুন। আপনার অনুসন্ধান সহায়তার জন্য যদি আপনার একজন দোভাষীর সহায়তা প্রয়োজন হয়, দয়া করে টেলিফোন দোভাষী সেবায় 131 450 নম্বরে কল করুন এবং আপনার ভাষায় একজন দোভাষীর জন্য বলুন। বিনামূল্যে আপনাকে এই সেবা দেয়া হবে।